

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১৮.০০২.১৭/ ৪৩


তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিভাগের এখতিয়ারভুক্ত “বি” শ্রেণির ২টি বাসা খালি হওয়ার সম্ভাবনা রয়েছে। উক্ত ২টি বাসা খালি হওয়া সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে আগামী ২৯ জানুয়ারি, ২০১৮ তারিখ বিকাল-৫:০০ ঘটিকার মধ্যে দরখাস্ত এ বিভাগের প্রশাসন-২ শাখা বরাবর সংশ্লিষ্ট শাখা/অধিশাখা প্রধানের সুপারিশসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- (ক) বাংলাদেশ বরাদ্দ বিধিমালা-১৯৮২ অনুযায়ী (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) ৯০০০-২১৮০০/- টাকার বেতন স্কেলে ১০৯৬০-১৩১২০/- টাকার মূল বেতন আহরণকারী কর্মচারিগণ প্রাধিকারভুক্ত;
- (খ) আবেদনকারির আবেদনে তাঁদের মূল বেতন, জন্ম তারিখ, চাকরিতে যোগদানের তারিখ, অবসর গ্রহণের তারিখ এবং ঢাকার নিজস্ব বাড়ি ঘরের অবস্থান ইত্যাদির পূর্ণ তথ্যাদি উল্লেখ থাকতে হবে;
- (গ) আগ্রহী কর্মচারীদের প্রশাসন-২ শাখা থেকে আবেদন ফরম সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত শাখায় জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- (ঘ) ইতঃপূর্বে বাসা বরাদ্দের জন্য যে সকল কর্মচারির বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে এবং বাসা বরাদ্দ দেওয়ার পরও গ্রহণ করেন নাই তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।



(আসিফ আনাম সিদ্দিকী)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১১৯৭১৯

বিতরণঃ

- ১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। নোটিশ বোর্ড
- ৫। সংশ্লিষ্ট নথি